



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সাইলো অধীক্ষকের কার্যালয়
আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া।



www.silo.ashuganj.brahmanbaria.gov.bd

এক নজরে আশুগঞ্জ সাইলোর পরিচিতি

আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া বর্তমানে সরকারি একটি গুরুত্বপূর্ণ খাদ্য স্থাপনা ও খাদ্যশস্য সংরক্ষণ, বিলি বিতরণের একটি প্রাণকেন্দ্র। মেঘনা নদীর অববাহিকায় ১৯৭১ সালে জার্মানী, সুইজারল্যান্ড ও সুইডেনের ইলেকট্রোমেকানিক্যাল মেশিনারীজ এবং সিভিল কম্পট্রাকশনের আওতায় ৫০,০০০.০০০ (পঞ্চাশ হাজার) মে.টন ধারণক্ষমতার এই গমের সাইলোটিকে সর্বমোট ৩৯ একর জায়গার উপর নির্মাণ করা হয়। এই সাইলোতে বর্তমানে ৮৪টি বিনে গম মজুদ রাখা হয়। সাইলোতে গম সংরক্ষণ খাদ্যের পুষ্টিগুণ ও গমের গুণগত মান বজায় রেখে ০২ বছর পর্যন্ত সংরক্ষণ করা যায়। উল্লেখ্য যে, আশুগঞ্জ সাইলো হতে সড়কপথে প্রতিদিন ৬০০.০০০ মেঃটন গম গ্রহণ, ৭৫০.০০০ মেঃটন গম বিতরণ এবং রেলপথে প্রতিদিন ৬০০.০০০ মেঃটন গম গ্রহণ করা সম্ভব। দীর্ঘ প্রায় ৪৮ বছর আশুগঞ্জ সাইলোর জেটি অকার্যকর হয়ে পড়ে থাকলেও আশুগঞ্জ সাইলোতে রেলপথ ও সড়কপথে চট্টগ্রাম সাইলো হতে গম পরিবাহিত হয়ে আসছে। বর্তমানে সিলেট বিভাগসহ কিশোরগঞ্জ, নেত্রকোনা, ব্রাহ্মণবাড়িয়াসহ বিভিন্ন জেলায় ইপি, ওপি, ওএমএস, চা-বাগান, জিআর, কাবিখা ইত্যাদি প্রকল্পসহ বিজিবি ও বাংলাদেশ সেনাবাহিনীর রেশন আশুগঞ্জ সাইলো হতে সড়ক ও নৌপথে প্রেরণ করা হয়ে থাকে। সাধারণত সাইলো হতে প্রতি বছর প্রায় ১,০০,০০০ (এক লক্ষ) মে.টন খাদ্যশস্য (গম) গ্রহণ/প্রেরণ করা হয়ে থাকে। আশুগঞ্জ সাইলোতে বর্তমানে গমের মজুদ রয়েছে ৪৭,৫২০.৩৭৩ মে.টন।

বর্তমানে সম্পাদিত ও চলমান উন্নয়নমূলক মেরামত কাজসমূহের তালিকা:

ক্র:নং	উন্নয়নমূলক কাজের নাম	নির্মাণাধীন প্রজেক্টের নাম	নির্মাণাধীন প্রতিষ্ঠান/ ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম	মন্তব্য
১	আশুগঞ্জ সাইলো BMRE (Balancing, Modernization, Rehabilitation and Expansion) করণ	খাদ্য মন্ত্রণালয়ের কার্যাদেশ জারির মাধ্যমে	Vigan Engineering S.A Belgium	কাজটি সম্পন্ন করা হয়েছে।
২	সাইলো গেইট নতুন সংস্করণ	-	সাইলো অধীক্ষকের কার্যালয়, আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া।	কাজটি সম্পন্ন করা হয়েছে।
৩	(ক) RCC রোড নির্মাণ (সাইলোর ট্রাক রিসিভের ৯নং পয়েন্ট) (খ) আশুগঞ্জ সাইলো অফিস ভবন টাইলসকরন	মেন্টেইনেন্স ইউনিটের কার্যাদেশ জারির মাধ্যমে।	মেসার্স মতিউর রহমান নানু ৫৭, চকবাজার, ফরিদপুর	কাজটি সম্পন্ন করা হয়েছে।
৪	আশুগঞ্জ সাইলো কম্পাউন্ডে দ্বিতল ভবন বিশিষ্ট রেস্ট হাউজ নির্মাণ	১.০৫ লাখ মে.টন খাদ্য বিভাগীয় স্থাপনা নির্মাণ প্রকল্প।	মেসার্স নির্মাণ বিল্ডার্স এন্ড মেসার্স বিজনেস সিন্ডিকেট ইন্টারন্যাশনাল (জেডি) এবং পরামর্শক প্রতিষ্ঠান স্থপতি সংসদ লিমিটেড	কাজটি সম্পন্ন করা হয়েছে।
৫	তালশহর রেল স্টেশন হতে আশুগঞ্জ সাইলো রেল সাইডিং পর্যন্ত ৫.৭২ কি.মি. রেল লাইনের মেরামত ও প্রতিস্থাপন	ডিপোজিট ওয়ার্ক এর মাধ্যমে	বাংলাদেশ রেল বিভাগ কর্তৃক মেসার্স এম.বি ইঞ্জিনিয়ারিং	কাজটি সম্পন্ন করা হয়েছে।
৬	জেটি অপসারণের কাজ	ডিজিফুড অফিস হতে কার্যাদেশ জারির মাধ্যমে।	ডকইয়ার্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর তত্ত্বাবধানে প্যাকেজ নং- WD- 49	কাজটি এখনও চলমান আছে।
৭	কনভেয়িং ব্রীজ পুনর্বাসন ও আনলোডার স্থাপন	ডিজিফুড অফিস হতে কার্যাদেশ জারির মাধ্যমে।	Vigan Engineering S.A Belgium	আনলোডার মালামাল এসে পৌছেছে। কনভেয়িং ব্রীজের পুনর্বাসন কাজ চলমান রয়েছে।

আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া গম সংরক্ষণ ও খাদ্য ঘাটতি পূরণে এবং দুর্যোগকালে দ্রুত খাদ্য সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।